

8.8 জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell)

ভিশন-২০২১, পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর সাথে সংগতিপূর্ণ উন্নয়ন প্রবৃদ্ধি নিশ্চিতকল্পে তথ্য-নির্ভর সিদ্ধান্ত গ্রহণে সক্ষম দক্ষ ও হালনাগাদ তথ্য সমৃদ্ধ জনবল সৃষ্টির প্রয়াসে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell) প্রতিষ্ঠা করা হয়েছে। এ কোষের সার্বিক ব্যবস্থাপনায় জন্য ০৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি রয়েছে।

দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণকারী সহকর্মীদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতায় সকল কে অংশীদার করার ক্ষেত্রে জ্ঞানকোষ বিশেষ ভূমিকা পালন করে আসছে। বিভিন্ন অনুবিভাগ ও উন্নয়ন সহযোগীভিত্তিক জ্ঞান ও তথ্যাবলী সকল সহকর্মীদের মাঝে Share করে এ বিভাগের কর্মরত কর্মকর্তাদের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সামগ্রিক কর্মকান্ডের বিষয়ে পারদর্শী করে তোলা এ কোষের অন্যতম উদ্দেশ্য। অর্থনৈতিক সম্পর্ক বিভাগে কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক অর্জিত জ্ঞান, দক্ষতা ও বিশেষ সক্ষমতা অনুসন্ধান করে তা বিকাশে সুযোগ প্রদানের মাধ্যমে বিষয়-ভিত্তিক Resource Person Pool গঠন করা এ কোষের চূড়ান্ত লক্ষ্য।

২০১৬-২০১৭ অর্থ বছরে জ্ঞান ব্যবস্থাপনা কোষ (Knowledge Management Cell) এর আওতায়: 01. Working in a changing landscape and ERD's quest for change: the Development Effective Wings (DEW) perspective; 02. Strategies for External Resources Mobilization with Action Plan for Implementation 03. Effective Governance for Sustainable Development and Diaspora Engagement for sustainable Development: Learning from Philippines বিষয়ে ০৪টি সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশন গুলো অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সকল কর্মকর্তা ও বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন।